কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড
"এই যুগ
অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন "এই যুগ অ্যাপ"



PAGE|পৃষ্ঠা- 4 [ PRICE|মূল্য- 2 ]

HOWRAH|হাওড়া ● DAILY|দৈনিক ● 13 JULY 2026 ,MONDAY|১৩ জুলাই ২০২৬ ,সোমবার ● VOLUME|বর্ষ-6 ● ISSUE|সংখ্যা-221


## বন্ধ চা বাগান পুনরায় চালু করার এবং শ্রমিকদের প্রাপ্য অর্থ ফিরিয়ে দিতে কড়া নির্দেশ শ্রমমন্ত্রীর




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,শিলিগুড়ি :** বন্ধ চা বাগান গুলো পুনরায় চালু করার এবং শ্রমিকদের প্রাপ্য অর্থ ফিরিয়ে দিতে এক মাসের আল্টিমেটাম দিয়েছেন শ্রমমন্ত্রী অর্জুন সিং । শনিবার উত্তর কন্যা তে একটি গুরুত্বপূর্ণ বৈঠকে তিনি বলেন, " যে সব চা বাগান দীর্ঘসময় বন্ধ রয়েছে ,সেই সব চা বাগান দ্রুত চালু করতে হবে এবং চা শ্রমিকদের পি এফ ও গ্রাচুইটির প্রাপ্য অর্থ পরিশোধের চূড়ান্ত সময়সীমা বেঁধে দেওয়া হচ্ছে চা বাগান মালিকদের । আগামী এক মাসের মধ্যে চা শ্রমিকদের পাওনা টাকা মিটিয়ে দিতে হবে। সেটা না হলে সংশ্লিষ্ট মালিকদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর পদক্ষেপ নেওয়া হবে।"এদিনের বৈঠকে উত্তর বঙ্গ উন্নয়ন মন্ত্রী সহ প্রশাসনের শীর্ষ কর্তারা উপস্থিত ছিলেন।

## পানীয় জলের সমস্যা সমাধানের আশ্বাস



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জুলাই :** দীর্ঘদিন যাবত পানীয় জলের সমস্যা রয়েছে আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের শামুকতলা গ্রাম পঞ্চায়েতের শক্তিনগর প্রাথমিক বিদ্যালয়ে। বনমন্ত্রীকে সামনে পেয়ে স্কুলের সমস্যার কথা তুলে ধরলেন স্কুলের প্রধান শিক্ষক। গত এক বছর ধরে স্কুলে মিড ডে মিল থেকে শুরু করে পানীয় জলের যথেষ্ট সমস্যা হচ্ছিল। তৎকালীন তৃণমূল সরকারের আধিকারিক থেকে শুরু করে নেতৃত্বকে বলেও কোন কাজ হয়নি। অবশেষে স্কুল প্রাঙ্গনে পশ্চিমবঙ্গের বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ কে সামনে পেয়ে পানীয় জলের সমস্যার কথা তুলে ধরলেন প্রধান শিক্ষক। বনমন্ত্রী খুব শীঘ্রই স্কুলের পানীয় জলের সমস্যা সমাধানের জন্য নির্দেশ দিয়ে গেছেন স্থানীয় নেতৃত্ব কে।

# বনমন্ত্রী কে সংবর্ধনার জোয়ার শক্তিনগর প্রাথমিক বিদ্যালয়ে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জুলাই :** শামুকতলা শক্তিনগর প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর তৈরীর জন্য বিধায়ক উন্নয়ন তহবিল থেকে প্রায় সাড়ে ৮ লক্ষ টাকা দিয়েছিলেন। সীমানা প্রাচীরের কাজ শেষ হয়েছে । রবিবার স্কুলের শিক্ষক শিক্ষিকা ছাত্র ছাত্রী অভিভাবক অভিভাবিকা দের উপস্থিতিতে বিদ্যালয় প্রাঙ্গণে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বিদ্যালয়ের পক্ষ থেকে উত্তরীয় পরিয়ে পুষ্পস্তবক অর্পণ করে কুমার গ্রামের বিধায়ক তথা পশ্চিমবঙ্গের বন ও পরিবেশ দপ্তরের মন্ত্রী মনোজ কুমার ওরাওঁ কে সংবর্ধনা দেওয়া হয়। এদিন এই অনুষ্ঠানে এলাকার বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন। বনমন্ত্রী এদিন স্কুল প্রাঙ্গনে বৃক্ষরোপণ করেন স্কুলের শিক্ষক-শিক্ষিকা এবং অন্যান্যদের নিয়ে। অরণ্য সপ্তাহ উপলক্ষে গোটা পশ্চিমবঙ্গে এক কোটি এক লক্ষ চারা গাছ রোপন করার কথাও জানিয়েছেন তিনি।

# শামুকতলা জুনিয়র গার্লস হাই স্কুলের পরিকাঠামো বদলানো হবে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জুলাই :** শামুকতলা জুনিয়র গার্লস হাই স্কুল বন্ধের পথে চলে যাচ্ছে একদিকে শিক্ষিকা নেই অপরদিকে ছাত্রীদের সংখ্যা কমে যাচ্ছে দিনের পর দিন। যদিও অনেকেই বিষয়টিকে ঘুরিয়ে দেখছেন। পার্শ্ববর্তী অন্যান্য স্কুলকে অক্সিজেন দিতেই তৃণমূল এর নেতৃত্বরা শামুকতলা জুনিয়র গার্লস স্কুলের দিকে নজর দেননি। স্কুলের ছাত্রী সংখ্যা নগণ্য কিন্তু কম্পিউটার রয়েছে বেশ কয়েকটি দিনের পর দিন ছাত্রীর সংখ্যা কমে যাচ্ছে। পর্যাপ্ত পরিমাণে শিক্ষিকা নেই তবে স্কুল কর্তৃপক্ষ শিক্ষিকার চাওয়ার বিষয়ে কতটা আগ্রহ দেখিয়েছেন সেই প্রশ্ন উঠে এসেছে স্কুল প্রাঙ্গণের মাঠে দাঁড়িয়েই। এদিন বন মন্ত্রী কে শামুকতলা জুনিয়র গার্লস স্কুল বন্ধের পথে চলে যাচ্ছে এই নিয়ে প্রশ্ন করলে তিনি স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন খুব শীঘ্রই ওই স্কুলের দিকে নজর দেওয়া হবে। এলাকার বিজেপি নেতৃত্ব কে শামুকতলা জুনিয়ার গার্লস হাই স্কুল নিয়ে বিস্তারিত রিপোর্ট দিতে বলে গেছেন বনমন্ত্রী।

# কোচবিহার জেলা পুলিশের লিগ্যাল সেলের উদ্যোগে অনুষ্ঠিত হল তদন্তকারী আধিকারিক দের জন্য রিফ্রেসার প্রশিক্ষণের কর্মশালা




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১২ জুলাই :** আজ কোচবিহার জেলা পুলিশের লিগ্যাল সেলের উদ্যোগে মাথাভাঙ্গা থানার কনফারেন্স হলে মাথাভাঙ্গা মহকুমার তদন্তকারী আধিকারিকদের জন্য একটি রিফ্রেশার প্রশিক্ষণের কর্মশালা অনুষ্ঠিত হয়। এসডিপিও, সিআই ও আইসি, মাথাভাঙ্গা এনাদের উপস্থিতিতে সিনিয়র লিগ্যাল কনসালট্যান্ট এবং সাইবার ক্রাইম কনসালট্যান্টের পরিচালনায় অনুষ্ঠিত এই প্রশিক্ষণে BNSS ও NDPS Act অনুযায়ী গ্রেফতার সংক্রান্ত আইনগত প্রক্রিয়া এবং NDPS Act-এর ধারা ৪২-এর গুরুত্বপূর্ণ বিধান নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রশিক্ষণে মোট ২১ জন তদন্তকারী আধিকারিক অংশগ্রহণ করেন।



# বক্সার কাছে বিরল হাতির হামলায় মহিষ পালকের কান ছিঁড়ে গেল



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ জুলাই :** আলিপুরদুয়ার জেলার বক্সা টাইগার রিজার্ভ সংলগ্ন এলাকায় মহিষ চরাতে গিয়ে এক বিরল ধরনের বুনো হাতির হামলায় গুরুতর জখম হয়ে জীবন-মৃত্যুর সঙ্গে লড়ছেন ৬২ বছর বয়সি এক মহিষপালক। অভিযোগ, হাতিটি শুঁড় পেঁচিয়ে তাঁর ডান কান ছিঁড়ে ফেলে। এছাড়াও তাঁর চোয়াল ভেঙে যায়। অবস্থার অবনতি হওয়ায় তাঁকে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। বন দফতরের আধিকারিকদের মতে, এই ধরনের হামলার ঘটনা অত্যন্ত বিরল।আহত বিজিলা খালকোর ভাই বিনোদ খালকো বলেন, “হাতিটি শুধু আমার দাদার কানই ছিঁড়ে দেয়নি, তার চোয়ালও ভেঙে দিয়েছে। এত বড় হামলার পরও তিনি বেঁচে আছেন, এটাই অলৌকিক।”জানা গিয়েছে, বিজিলা খালকোর কুমারগ্রাম ব্লকের পূর্ব সালবাড়ি এলাকায় একটি মহিষের বাথান রয়েছে। শনিবার বিকেল প্রায় সাড়ে ৫টা নাগাদ তিনি শিল বাংলো বিটের অন্তর্গত বড়বিশা রেঞ্জের একটি বনপথ ধরে মহিষের পাল নিয়ে বাথানে ফিরছিলেন। সেই সময় রাস্তার ধারের একটি গর্তে দাঁড়িয়ে থাকা একটি বুনো হাতিকে তিনি খেয়াল করতে পারেননি।তিনি হাতিটির পাশ দিয়ে যাওয়ার সময় আচমকাই সেটি শুঁড় বাড়িয়ে তাঁর মাথা ধরার চেষ্টা করে। বিজিলা খালকো ঝুঁকে পালানোর চেষ্টা করলে হাতিটি শুঁড় পেঁচিয়ে তাঁর ডান কান ছিঁড়ে ফেলে বলে অভিযোগ।প্রচুর রক্তক্ষরণ হলেও কোনওরকমে তিনি বাথানে ফিরে আসেন। পরে সেখানেই অচৈতন্য হয়ে পড়েন। তাঁকে প্রথমে কুমারগ্রাম প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। পরে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে স্থানান্তরিত করা হয় এবং সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে রেফার করা হয়।চিকিৎসকদের মতে, তাঁর অবস্থা এখনও আশঙ্কাজনক। অন্যদিকে, বন দফতরের আধিকারিকরা জানিয়েছেন, হাতির এই ধরনের হামলার ঘটনা অত্যন্ত অস্বাভাবিক ও বিরল।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |